

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
বিজ্ঞপ্তি

: বিশেষ ভাবে অবলোকন :

গত ০৭/০৫/২০১৭ ইং তারিখে প্রকাশিত ১/কনি-২য় খন্ড-(২) ভর্তি বিজ্ঞপ্তির ৫.৭ নং এর সংশোধনী

ক্রমিক	বিবরণ	পরিমাণ
১	রেজিস্ট্রেশন ফি	১২০/-
২	ক্রীড়া ফি	৩০/-
৩	রোভার/রেঞ্জার ফি	১৫/-
৪	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	১০/-
৫	সাহিত্য ও সংস্কৃতি ফি	১০/-
	মোট =	১৮৫/-

ক). (উপরে বর্ণিত ছক অনুযায়ী) নির্বাচিত শিক্ষার্থী নিজেই অনলাইনে রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/- টাকা জমা দিয়ে নির্বাচিত কলেজে প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করবে।


ক্রমিক	বিবরণ	বোর্ডে জমা ফিস	কলেজের সংরক্ষিত ফিস	
০১	অবশিষ্ট রোভার/রেঞ্জার ফি		২৫/-	২৫/-
০২	বি.এন.সি.সি	৫/-		৫/-
০৩	প্রতিবন্ধী কল্যান ফি	৫/-		৫/-
০৪	রেড ক্রিসেন্ট	৮/-	১২/-	২০/-
০৫		মোট = ১৮/-	মোট = ৩৭/-	
				সর্ব মোট = ৫৫/-

খ). রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিত ভর্তি বিজ্ঞপ্তির ৫.৭- এ উল্লিখিত ছকে ২৪০/- টাকা প্রতি শিক্ষার্থীর নিকট হতে ফিস আদায় করতে হবে মর্মে উল্লেখ করা হয়েছিল। ভর্তির প্রাথমিক নিশ্চায়ন বাবদ ১৮৫/- টাকা যেহেতু সংশ্লিষ্ট শিক্ষার্থীকে পরিশোধ করতে হবে সেহেতু অত্র বোর্ডের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২৪০/- টাকা হতে ১৮৫/- বাদ দিয়ে শুধু মাত্র ৫৫/- (পঞ্চাশ) টাকা (উপরে বর্ণিত ছক অনুযায়ী) কলেজ কর্তৃপক্ষ আদায় করবে।

আদায়কৃত অর্থ পরিশোধের বিবরণ :-

১. প্রত্যেক শিক্ষার্থীর নিকট হতে রোভার ফি বাবদ ২৫/- (পঁচিশ) টাকা আদায় করতে হবে এর মধ্যে ৫/- (পাঁচ) টাকা জেলা রোভারকে এবং ২০/- (বিশ) টাকা কলেজ রোভার স্কাউট কার্যক্রম পরিচালনার জন্য কলেজ সংরক্ষণ করবে।
২. রেড ক্রিসেন্ট এর আদায়কৃত অর্থের ২০/- টাকার মধ্যে ১২/- টাকা কলেজ কর্তৃপক্ষ কলেজে সংরক্ষণ করবেন এবং অবশিষ্ট ৮/- টাকা শিক্ষা বোর্ডে জমা দিবেন।


বি: দ্র: - মহিলা কলেজের ক্ষেত্রে গার্লস গাইড ও গার্লস ইন স্কাউটিং ফি প্রযোজ্য হবে তবে যে সব কলেজে সহ শিক্ষা কার্যক্রম চালু আছে, সে সব কলেজে শুধু মাত্র রোভার ফি আদায় যোগ্য।



(প্রফেসর মোঃ আকবর হোসেন)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

  
৩০/০৫/২০১৭